দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 18 JUL 2016 ...
পৃষ্ঠা ...৩৬... কলাম ...৪...

# বামনায় উপবৃত্তি পেলেন ৯৯২০ শিক্ষার্থী

■ বামনা (বরগুনা) সংবাদদাতা

বামনা উপজেলার ৫৬টি প্রাথমিক বিদ্যালয় ও একটি ইবতেদায়ী মাদ্রাসায় ১০৪১০ শিক্ষার্থীর মধ্যে উপবৃত্তি পেলেন ৯৯২০ জন। ১০০% শিক্ষার্থীর মধ্যে উপবৃত্তি দেয়ার বিধান থাকলেও ৪৯০ জন শিক্ষার্থী স্বেচ্ছায় উপবৃত্তি গ্রহণ করেননি।

এই প্রাথমিক বিদ্যালয়ে উপবৃত্তি বিতরণের ফলে প্রাথমিক শিক্ষায় সফলতা বয়ে আসছে। ফলে শিক্ষার্থী ঝড়ে পড়ারও রোধ হয়েছে। গত কয়েকদিন ধরে সোনালী ব্যাংকের লোকজন স্কুলে স্কুলে গিয়ে এই উপবৃত্তির টাকা বিতরণ করছে। ২০১৫ সালের ১ জুলাই থেকে ২০১৬ সালের ৩০ জুন পর্যন্ত বামনা উপজেলার ৫৭টি বিদ্যালয়ে মোট বরাদ্দের পরিমাণ ১ কোটি ১০ লাখ ২৩ হাজার ১শ' টাকা।